

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 04-02-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশ ও রাজ্যের গণতন্ত্রকে শক্তিশালী করতে সংবাদ মাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। গতকাল বিধানসভায় সাংবাদিক সংবর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি সংবাদ মাধ্যমকে গঠনমূলক দৃষ্টিভঙ্গিতে সরকারের ভুল ত্রুটি ধরে দেওয়া পাশাপাশি নিষ্ঠা ও সততার সঙ্গে দায়িত্ব পালনের উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। উপস্থিত ছিলেন বিধায়ক বীরজিৎ সিনহা ও রামপদ জমাতিয়া। পরে ২১ জন সাংবাদিক ও চিত্র সাংবাদিককে সম্বর্ধনা প্রদান করা হয়।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে ভারতের ঐতিহাসিক বাণিজ্য চুক্তি দীর্ঘস্থায়ী ধৈর্যের ফল। গতকাল সংসদ ভবন কমপ্লেক্সে এনডিএ সংসদীয় দলের বৈঠকে এনডিএ সাংসদদের উদ্দেশে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী আরও বলেন, বাণিজ্য চুক্তি একটি অর্থনৈতিক পরিবেশ তৈরি করেছে এবং বিশ্বব্যাপী বাণিজ্য আলোচনার প্রতি সরকারের ধারাবাহিক এবং পরিমিত দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটায়।

Budget reaction by Ratan lal Nath :

বিদ্যুৎ ও কৃষি মন্ত্রী রতন লাল নাথ কেন্দ্রীয় বাজেট প্রতিক্রিয়ায় গতকাল বলেছেন, এবারের বাজেট বিকশিত ভারত ২০৪৭-এর পথে প্রথম সুসংহত পদক্ষেপ। তিনি বলেন, মাথাপিছু আয় বৃদ্ধি, জিডিপি প্রবৃদ্ধি, রপ্তানি বৃদ্ধি, দ্রুত উৎপাদন, বেকারত্ব হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন, মহিলা অংশগ্রহণ বৃদ্ধি, সড়ক ও রেল পরিকাঠামোর সম্প্রসারণ, ই-গভর্ন্যান্সের বাস্তবায়ন, নবীকরণযোগ্য শক্তির ব্যবহার বৃদ্ধি এবং দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা—এই সমস্ত বিষয়কে গুরুত্ব দিয়ে বাজেট প্রণয়ন করা হয়েছে। মন্ত্রী জানান, কৃষি খাতে পূর্ববর্তী সমস্ত প্রকল্প বজায় রাখা হয়েছে। খাদ্য প্রক্রিয়াকরণে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। কৃষি খাতে বরাদ্দ করা হয়েছে ১ লক্ষ ৬২ হাজার ৭১ কোটি টাকা। নবীকরণযোগ্য শক্তির ক্ষেত্রেও বরাদ্দ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়েছে। এই খাতে বাজেট ধরা হয়েছে ৩২ হাজার ২১৪ কোটি টাকা।

General Strike-Circular :

রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে একটি সর্বভারতীয় কর্মচারি সংগঠন আগামী ১২ ফেব্রুয়ারি, বনধের ডাক দিয়েছে। রাজ্যেরও একটি কর্মচারি সংগঠন এই বনধকে সমর্থন জানিয়ে সরকারী কর্মচারীদের এতে সামিল হতে আহ্বান জানিয়েছে। এই পরিপ্রেক্ষিতে সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ১২ ফেব্রুয়ারী রাজ্যে সব অফিস আদালত, সরকার অধিগৃহীত সংস্থায় স্বাভাবিক কাজকর্ম অব্যাহত থাকবে। সমস্ত সরকারি কর্মচারি, অধিগৃহীত সংস্থা ও সংগঠনের কর্মচারীরা অন্যান্য দিনের মতোই ঐদিন তাদের দায়িত্ব পালন করবেন বলে

আশা করা হচ্ছে। আগামী ১২ ফেব্রুয়ারী দুপুর ১২টার মধ্যে বিভিন্ন অফিস, অধিগৃহীত সংস্থা ও সংগঠনের কর্মচারীদের উপস্থিতির হার জানানোর জন্য সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে সংশ্লিষ্ট সমস্ত কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়েছে।

PM-Tripura :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানিয়েছেন, ত্রিপুরা উন্নয়নের দ্রুতগতি অর্জন করেছে এবং বিকাশ ভি বিরাসত ভি মন্ত্র গ্রহণ করে প্রতিদিন নতুন সাফল্য অর্জন করেছে। একটি জাতীয় দৈনিকে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়ার লেখা একটি প্রবন্ধ শেয়ার করে প্রধানমন্ত্রী গতকাল একথা উল্লেখ করেছেন। তিনি আরো উল্লেখ করেন, কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিঙ্কিয়া তাঁর প্রবন্ধে ত্রিপুরার পরিবর্তিত চেহারা এবং এর বিশাল সম্ভাবনা বিস্তারিতভাবে উল্লেখ করেছেন।

District Level SARAS Fair-2026:

আগামীকাল থেকে উদয়পুরে শুরু হবে তৃতীয় গোমতি জেলা ভিত্তিক সরস মেলা। চলবে নয় ফেব্রুয়ারী পর্যন্ত। TRLM-এর উদ্যোগে আয়োজিত এই মেলার উদ্বোধন করবেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। গোমতি জেলা শাসক অফিসের কনফারেন্স হলে সাংবাদিক সম্মেলনে একথা জানান গোমতি জেলা পরিষদের সভাপতি দেবল দেবরায়।

উদয়পুর KBI মাঠে এই মেলায় স্বনির্ভর গোষ্ঠী মহিলা সদস্যদের দ্বারা প্রস্তুতকৃত নানাবিধ পণ্য যেমন হস্তশিল্প খাদ্যসামগ্রীসহ বিভিন্ন সামগ্রীর প্রদর্শনী ও বিক্রয় ব্যবস্থা থাকবে। পাশাপাশি থাকবে বিভিন্ন দপ্তরের স্টল। এছাড়াও প্রতিদিন সন্ধ্যাবেলায় সাধারণ দর্শকদের জন্য থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, অতিরিক্ত জেলা শাসক শোভাষ আচার্য ও সঞ্জিত দেব বর্মা, টি আর এল এম এর গোমতি জেলার জেলা আধিকারিক অভিনন্দন দেব প্রমুখ।

Pariksha Pe Charcha :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৬ই ফেব্রুয়ারী পরীক্ষা পে চর্চা দেখার জন্য নাগরিকদের আমন্ত্রণ জানিয়েছেন। আজ সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে প্রধানমন্ত্রী চাপমুক্ত পরীক্ষার গুরুত্বের উপর জোর দিয়েছেন। এ বছর দেবমোগরা, কোয়েম্বাটোর, রায়পুর, গুয়াহাটি এবং দিল্লির ৭, লোক কল্যাণ মার্গে পরীক্ষা যোদ্ধাদের সাথে ইন্টারেক্টিভ সেশন অনুষ্ঠিত হয়েছে বলে তিনি উল্লেখ করেন।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।
